

শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতার তথ্য চাইল মাউশি

অনলাইন ডেক্স



নতুন করে সরকারিকরণ স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাদির তথ্য চেয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। ২০২২-২৩ অর্থবছরের তথ্য চাওয়া হয়েছে।

মাউশির সহকারী পরিচালক (বাজেট) মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত স্মারকে এসব তথ্যাদি চাওয়া হয়েছে। আজ সোমবার মাউশির ওয়েবসাইটে এই স্মারক প্রকাশ করেছে।

নতুন সরকারিকরণকৃত মাধ্যমিক বিদ্যালয়সমূহ-এর কর্মরত শিক্ষক-কর্মচারীগণের ২০২২-২৩ অর্থবছরের বকেয়া বেতন-ভাতাদি প্রদানের ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে সংযুক্ত তালিকা অনুযায়ী স্ব স্ব প্রতিষ্ঠানের নামের পাশে বর্ণিত

প্রয়োজনীয় তথ্যাদি এবং কাগজপত্র সংযোজন করে মাধ্যমিক ও

উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর পাঠানোর নির্দেশ দেওয়া হলো।

অন্য পৃথক দুই আদেশে নতুন সরকারিকরণকৃত মাধ্যমিক

বিদ্যালয় ও মহাবিদ্যালয়সমূহের অবসরপ্রাপ্ত/পিআরএল ভোগরত/

মৃত শিক্ষককর্মচারীগণের বকেয়া বেতন-ভাতাদির আবেদনকৃত

চাহিদার সাথে প্রয়োজনীয় তথ্যাদি জমা প্রদানের নির্দেশ দিয়েছে

মাউশি।